

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www nbr.gov.bd

তারিখ: ২৮-১০-২০২৫ খ্রিষ্টাব্দ

প্রেস রিলিজ

চট্টগ্রাম বন্দরে দীর্ঘদিন পড়ে থাকা ১৯টি Dangerous Goods এর কন্টেইনার পরিবেশসম্মতভাবে ঝংস করা হলো

নিলাম অযোগ্য Dangerous Goods ও অন্যান্য ঝংসযোগ্য পণ্য বিনষ্টকরণের লক্ষ্যে গঠিত আন্তঃসংস্থা কমিটির আহায়ক জনাব মোহাম্মদ নূরুল্লাহ নূরী, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), চট্টগ্রাম বিভাগ মহোদয়ের নেতৃত্বে পরিবেশ অধিদপ্তর, বিস্ফোরক অধিদপ্তর, ডিজিএফআই, এনএসআই, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ এবং চট্টগ্রাম কাস্টমস হাউস এর প্রতিনিধিবৃন্দের উপস্থিতিতে গত ২৫-১০-২০২৫ এবং ২৬-১০-২০২৫ তারিখে চট্টগ্রাম বন্দরে দীর্ঘদিন পড়ে থাকা ১৯টি Dangerous Goods এর কন্টেইনার পরিবেশসম্মত উপায়ে ঝংস করা হয়েছে।

উক্ত ঝংসের কাজ গত ২৫-১০-২০২৫ খ্রি. রোজ শনিবার সকাল ৯:০০ ঘটিকা থেকে শুরু করে ২৬-১০-২০২৫ খ্রি. রোজ রাবিবার রাত ৯:৩০ টা পর্যন্ত নিরবিচ্ছিন্নভাবে চালু রেখে ঝংস কাজ সম্পন্ন করা হয়। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, আনসার সদস্য ও স্থানীয় বন্দর থানার পুলিশ সদস্যগণ উপস্থিত থেকে উক্ত ঝংসকাজের নিরাপত্তা প্রদানসহ সার্বিক সহায়তা প্রদান করেন।

ঝংসকৃত পণ্যসমূহের মধ্যে রয়েছে Uncoated Calcium Carbonate (১৬ কন্টেইনার), Orange Emulsion (১ কন্টেইনার), Sweet Whey Powder (১ কন্টেইনার) এবং Skimmed Milk Powder (১ কন্টেইনার), যা দীর্ঘদিন ধরে চট্টগ্রাম বন্দরে জরাজীর্ণ অবস্থায় পড়ে ছিল বিধায় বন্দরের নিরাপত্তা জনিত ঝুঁকির সৃষ্টি করে।

গত বছর অক্টোবর মাসে চট্টগ্রাম কাস্টমস হাউস এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ যৌথভাবে উদ্যোগ নিয়ে ১৪ বছর ধরে বন্দর প্রাঙ্গণে পড়ে থাকা অতিমাত্রায় দায় ৪ টি Hazardous Cargo Containers সফলভাবে বন্দর এলাকা থেকে অপসারণ করে পরিবেশ সম্মত উপায়ে ঝংস করতে সমর্থ হয়েছে।

উল্লেখ্য যে, চট্টগ্রাম বন্দরের কন্টেইনার জট কমানোর লক্ষ্যে বন্দরে দীর্ঘদিন পড়ে থাকা প্রায় ৬০৬৯ কন্টেইনার (প্রায় ১০,০০০ TEUs) এর ইনভেন্টরি সম্পন্ন করে তা দুটো মসময়ের মধ্যে নিলামে বিক্রয় করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড একটি বিশেষ আদেশ জারী করেছে। ইতোমধ্যে উক্ত কন্টেইনারসমূহের মালামালসমূহের ইনভেন্টরি কার্যক্রম সফলভাবে সম্পন্ন করা হয়েছে এবং উল্লেখযোগ্য পরিমান কন্টেইনারের নিলাম প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। চট্টগ্রাম কাস্টমস হাউস দুটো সাথে চলমান নিলাম সম্পন্ন করে চট্টগ্রাম বন্দরের কন্টেইনার জট কমাতে উল্লেখযোগ্য অবদান রাখতে পারবে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড আশাবাদী।

চট্টগ্রাম বন্দরের সার্বিক নিরাপত্তার স্বার্থে সংশ্লিষ্ট সকল সংস্থার সার্বিক সহযোগীতায় বন্দরে দীর্ঘদিন পড়ে থাকা বিপজ্জনক পণ্যগুলো জরুরী ভিত্তিতে পর্যায়ক্রমে ঝংস করার কাজ অব্যাহত থাকবে।

-জাতীয় রাজস্ব বোর্ড